



সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
ওয়েজখালী সুনামগঞ্জ।



Tel: 0871-62931/62930, Mob: 01769-400075, E-Mail : sunamps@gmail.com

স্মারক নং-২৭.১২.৯০৮৯.৫৬২.০২.০০৮.২১.

৪৫২৫

তারিখঃ-

১৬ কার্তিক' ১৪২৮ বঙ্গাব্দ
০১ নভেম্বর' ২০২১ খ্রিষ্টাব্দ

আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে সহকারী ষ্টোর কীপার পদে কর্মরত যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ এর আলোকে পদোন্নতির জন্য যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ষ্টোর কীপার	০১ টি	(ক) সহকারী ষ্টোর কীপার পদে ন্যূনতম ০৭ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) প্রার্থীকে সহকারী ষ্টোর কীপার পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। (গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। (ঘ) অধীনস্থ কর্মচারীদের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে। (ঙ) কাজের প্রতি আগ্রহী ও সামর্থ্য থাকতে হবে। (চ) বৈদ্যুতিক মালামাল ও যন্ত্রপাতি সম্পর্কে ধারণা ও অভিজ্ঞতা থাকতে হবে। (ছ) অবশ্যই কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। (জ) পবিস কর্মচারী চাকুরীবিধি অনুযায়ী চাকুরীকাল পরিচ্ছন্ন ও সুনামের সাথে অতিবাহিত হতে হবে। (ঝ) পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-২৪, ৩০০-১৪, ৩০০-৫১ এর সকল শর্ত অবশ্যই পূরণ করতে হবে।

শর্তবলীঃ-

০১। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকায় {সুনামগঞ্জ সদর, তাহিরপুর, বিশ্ববন্দরপুর, জামালগঞ্জ, দিরাই, শাল্লা, জগন্নাথপুর, ছাতক, দোয়ারাবাজার ও শান্তিগঞ্জ (সাবেক দক্ষিণ সুনামগঞ্জ) উপজেলার} স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০২। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) যোগাযোগের ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক স্ব-হস্তে লিখিত আবেদনপত্র সহ আগামী ২১/১১/২০২১খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, ওয়েজখালী, সুনামগঞ্জ এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৩। আবেদন পত্রের সহিত নিম্ন বর্ণিত কাগজ পত্র সংযুক্ত করতে হবে।

- (ক) বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের সত্যায়িত ফটোকপি।
- (খ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি।
- (গ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
- (ঘ) সাম্প্রতিক তোলা ০২ (দুই) কপি রঞ্জিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- (ঙ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
- (চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি।
- (ছ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
- (জ) (১) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদণ্ড প্রাপ্ত হয়েছেন (২) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদণ্ড প্রাপ্ত হয়েছেন (৩) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একাধিকবার গুরুদণ্ড প্রাপ্ত হয়েছেন (৪) বিগত ০৪ (চার) বছরের ভিতর ০১ বার গুরুদণ্ড এবং ০১ বার লঘুদণ্ড প্রাপ্ত হয়েছেন (৫) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদণ্ড প্রাপ্ত হয়েছেন (৬) পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য/বিবেচিত ঘোষিত হয়েছেন (৭) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময় কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না (৮) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে, তিনি পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না।
- (ঝ) সর্বশেষ ০৫ বছরের দণ্ড উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- (ঞ) সকল কাগজপত্র এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবে।

(Signature)

(Signature)

